# দিল্লি-পিন্ডির স্লোগান ত্যাগ করে বাংলাদেশের স্লোগান গ্রহণের আহ্বান জামায়াত নেতার



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের দিল্লি ও পিন্ডির স্লোগান ত্যাগ করে বাংলাদেশের স্লোগান গ্রহণ করার আহ্বান জানিয়েছেন।

মঙ্গলবার বিকেলে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে জাতীয় নাগরিক পার্টি এর যুব বিভাগ জাতীয় যুবশক্তি আয়োজিত যুব সম্মেলনে এই আহ্বান জানান তিনি।

উক্ত সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, “স্বাধীনতার এত বছর পরও কেন দিল্লি ও পিন্ডির স্লোগান দিতে হচ্ছে, এটি অত্যন্ত বেদনাদায়ক। আমাদের মধ্যে এখনো হীনমন্যতা রয়েছে। ক্ষমতায় আসতে বিদেশি কোনো শক্তির আশীর্বাদ প্রয়োজন—এমন মানসিকতা আমাদের প্রকৃত স্বাধীনতা অর্জনে বাধা সৃষ্টি করছে।”

অনুষ্ঠানে বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় নেতৃবৃন্দসহ অন্যান্য রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

LENS ASIA